ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র




# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে





DL- No.-03 /Date:29/02/2025 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ১১৬ ● কলকাতা ● ১৬ বৈশাখ, ১৪৩২ ● বুধবার ● ৩০ এপ্রিল ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## দিঘায় আসছেন সাংসদ অভিষেক, উচ্ছ্বাস-উদ্দীপনার জোয়ার, পর্যটকশূন্য সৈকত



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

জগন্নাথ মন্দিরের উদ্বোধন অক্ষয় তৃতীয়ার দুপুরে। কিন্তু এখন থেকেই দিঘা জুড়ে যান নিয়ন্ত্রণের কড়াকড়ি চলছে। ফলে পর্যটকদের ভিড় কমেছে। জগন্নাথ মন্দির উদ্বোধনে দিঘায় পর্যটকদের ঢল নামবে মনে করেছিলেন

এরপর ৩ পৃষ্ঠায়


## প্রতিরক্ষামন্ত্রীকে পাশে নিয়ে ৩ সেনা প্রধানের সঙ্গে গোপন আলোচনায় মোদী



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

পহেলগাঁও জঙ্গি হামলার পর দিল্লিতে হয়েছিল সর্বদল বৈঠক। সেই বৈঠকে ছিলেন না প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সেইদিন তিনি ছিলেন বিহারের মধুবনিতে নির্বাচনী প্রচারে। এবার মঙ্গলবার বিকেলে তিনি এক গুরুত্বপূর্ণ বৈঠক করলেন তিন সেনা প্রধান, জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং ও চিফ অব ডিফেন্স স্টাফ অনিল চৌহানের সঙ্গে।উল্লেখ্য, গত ২২ এপ্রিল জম্মু-কাশ্মীরের পহেলগাঁওয়ের বৈসারনে পর্যটকদের উপরে হামলা চালায় ৪-৫ জন জঙ্গি। সেই হামলায় মৃত্যু হয় ২৬ জনের। এই হামলায় গুরুত্বপূর্ণ বিষয় হল হামলাকারীরা পর্যটকদের ধর্ম পরিচয় জেনে গুলি চালিয়েছে। জানা যাচ্ছে জঙ্গিদের মধ্যে একজন অন্তত পাকিস্তানি ছিল। ওই হামলার পর ভারত এখনওপর্যন্ত একগুচ্ছ ব্যবস্থা নিয়েছে। তার মধ্যে রয়েছে সিন্ধুর জলবন্টন চুক্তি স্থগিত, পাকিস্তানিদের

এরপর ৩ পাতায়




# নিজেই বাইক চালিয়ে মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানালেন জেলা পরিষদের সভাধিপতি চিন্ময়ী মারান্ডির



**অরূপ ঘোষ, ঝাড়গ্রাম**

মুখমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ঐকান্তিক প্রচেষ্টায় বাংলায় পূর্ব মেদিনীপুর জেলার সমুদ্র সৈকত দীঘায় জগন্নাথ মন্দিরের উদ্বোধন করবেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ৩০ শে এপ্রিল বুধবার অক্ষয় তৃতীয়ার পুণ্যলগ্নে। তাই সমুদ্র সৈকত

দীঘায় জগন্নাথ মন্দির প্রতিষ্ঠার জন্য রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কে ধন্যবাদ জ্ঞাপন জানিয়ে ঝাড়গ্রাম জেলা তৃণমূল কংগ্রেস ও ঝাড়গ্রাম জেলা যুব তৃণমূল কংগ্রেসের উদ্যোগে এবং ঝাড়গ্রাম শহর তৃণমূল কংগ্রেসের সহযোগিতায় মঙ্গলবার ঝাড়গ্রাম রাজবাড়ি পেট্রোলপাম্প থেকে জামদা হরিমঞ্চ পর্যন্ত একটি বর্ণাঢ্য বাইক মিছিলের আয়োজন করা হয়। বাইক মিছিলে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ঝাড়গ্রাম লোকসভার সাংসদ কালিপদ সরেন, ঝাড়গ্রাম জেলা পরিষদের সভাধিপতি চিন্ময়ী মারান্ডি,নয়াগ্রামের বিধায়ক তথা জেলা তৃণমূল কংগ্রেসের সভাপতি দুলাল মুর্মু, ঝাড়গ্রাম পৌরসভার চেয়ারপার্সন কবিতা ঘোষ,কাউন্সিলর গৌতম মাহাতো সহ অন্যান্যরা। সেই জন্য ওই মিছিলে সামিল হয়েই নিজেই বাইক চালিয়ে দীঘায় জগন্নাথ মন্দির তৈরি করে উদ্বোধন করার জন্য রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কে ধন্যবাদ জানান ঝাড়গ্রাম জেলা পরিষদের সভাধিপতি চিন্ময়ী মারান্ডি।

## ভিন রাজ্য থেকে ধান কাটতে এসে মৃত্যু মহিলা শ্রমিকের!



**কৃষ্ণ সাহা , পূর্ব বর্ধমান**

কাজের খোঁজে ঝাড়খণ্ড থেকে পূর্ব বর্ধমানের মন্তেশ্বরের গোয়ালডাঙ্গা গ্রামে এসে মৃত্যু হল এক পরিযায়ী মহিলা শ্রমিকের। জানা যায় মৃতার নাম সঞ্জলি কিসকু। মঙ্গলবার ধান কাটার কাজে যোগ দিয়েছিলেন তিনি।

স্থানীয় সূত্রে জানা গেছে, কাজের সময় হঠাৎই সঞ্জলি কিসকুর হাত ও আঙুলে তীব্র যন্ত্রণা অনুভব হয় এবং পরে মাথা ঘুরে পড়ে যান তিনি। সঙ্গে থাকা শ্রমিকরা দ্রুত তাঁকে মন্তেশ্বর ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে গেলে চিকিৎসকেরা মৃত বলে ঘোষণা করেন।

মৃতদেহটি ময়নাতদন্তের জন্য কালনা মহকুমা হাসপাতালে পাঠানো হয়েছে। এই অস্বাভাবিক মৃত্যুর কারণ জানতে তদন্ত শুরু করেছে মন্তেশ্বর থানার পুলিশ। মুহূর্তের মধ্যে শোকের ছায়া নেমে আসে পরিযায়ী শ্রমিকদের মধ্যে। কী কারণে এমন ঘটনা ঘটল, তা ঘিরে তৈরি হয়েছে প্রশ্ন!

# জাল পাসপোর্ট কাণ্ডে ধৃত বাংলাদেশি আসলে পাকিস্তানি! পহেলগাঁও আবহে ইডির দাবিতে চাঞ্চল্য

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**




পহেলগাঁও হামলার আবহে বাংলায় পাক নাগরিকের খোঁজ! জাল পাসপোর্ট কাণ্ডে ধৃত আজাদ মল্লিক আদপে বাংলাদেশি নয়, পাকিস্তানি নাগরিক। নাম-পরিচয় ভাঁড়িয়ে এদেশে জাল পাসপোর্টের ব্যবসা ফেঁদে বসেছিল সে। এমনই দাবি করল এনফোর্সমেন্ট ডিরেক্টরেট। সূত্রের দাবি, আজাদের বাড়ি থেকে পাকিস্তানি ড্রাইভিং লাইসেন্স উদ্ধার হয়েছে।তদন্তকারী সংস্থা জানিয়েছে, এটা দেশের সুরক্ষার জন্য উদ্বেগের। আজাদ দেশবিরোধী কার্যকলাপে জড়িত কি না খতিয়ে দেখা হচ্ছে। ইতিমধ্যে তার অ্যাকাউন্টে ২ কোটি ৬২ লক্ষ টাকার হদিশ মিলেছে। আরও একটি প্রতারণা মামলায় তার নাম উঠে এসেছে। তাই নতুন ইসিআইআর করে তাকে ফের হেফাজতে নিয়েছে ইডি। উল্লেখ্য, ২০২২ সালে ফরেনার্স অ্যাক্টে রাজ্য পুলিশের জালে ধরা পড়েছিল আজাদ। পরে জামিন পেয়ে যান। তারপর সে বাংলাদেশেও গিয়েছিল।সে দেশবিরোধী কার্যকলাপ বা সন্ত্রাসবাদীদের সঙ্গে জড়িত কি না, তা খতিয়ে দেখা হচ্ছে। বিরাটি বাঁকড়া এলাকার বাসিন্দা আজাদ মল্লিক। নিজেকে বাংলাদেশি হিসেবে পরিচয় দিত সে। জাল পাসপোর্ট কাণ্ডের তদন্তে নেমে

এরপর ৪ পাতায়






(১ম পাতার পর)

# প্রতিরক্ষামন্ত্রীকে পাশে নিয়ে ৩ সেনা প্রধানের সঙ্গে গোপন আলোচনায় মোদী

ভিসা বাতিল, ভারত বসবাসকারী পাকিস্তানিদের দেশ ছেড়ে চলে যাওয়া নির্দেশ-সব একাদিক পদক্ষেপ। এর বিরুদ্ধে ব্যবস্থা হিসেবে ভারতের বিমানের জন্য পাকিস্তান তার আকাশসীমা বন্ধ করেছে, বন্ধ করে দেওয়া হয়েছে ভারতের সঙ্গে বাণিজ্য। এখন পহেলগাঁও হামলার পর যেভাবে পাকিস্তানের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য কেন্দ্রের উপরে চাপ বাড়ছে তাতে পকিস্তানের বিরুদ্ধে কোনও কড়া ব্যবস্থা নিয়ে নিলেও অবাক হওয়ার কিছু নয়।বৈঠক অনুষ্ঠিত হয় প্রধানমন্ত্রীর বাসভবনে। পহলেগাঁও হামলার পর এই বৈঠক নিয়ে জোর জল্পনা তৈরি হয়েছে রাজনৈতিক মহলে। আশঙ্কা করা হচ্ছে বিরোধীদের কাছে ছাড়পত্র পাওয়ার পর পাকিস্তান নিয়ে কোনও কড়া সিদ্ধান্ত নিয়ে নিতে পারেন প্রধানমন্ত্রী।

সর্বদল বৈঠকে বিরোধীরা জানিয়ে দেয়, পহেলগাঁও হামলার পর কেন্দ্র যে ব্যবস্থা নেবে তা তারা মেনে নেবে। তার পরই এই বৈঠক অনুষ্ঠিত হল। সোমবার প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং জম্মু ও কাশ্মীরের পরিস্থিতি নিয়ে প্রধানমন্ত্রীকে অবগত করেন। সেখানে প্রধানমন্ত্রীকে জানিয়ে দেওয়া হয় খুঁটিনাটি বিষয়।

গত রবিবার তাঁর 'মন কী বাত' অনুষ্ঠানে প্রধানমন্ত্রী জানিয়ে দেন পহলেগাঁও হামলার পেছনে যারা রয়েছে তাদের কড়া জবাব দেওয়া হবে। জঙ্গি দমনে ভারতের ১৪০ কোটি মানুষের পেছনে রয়েছে গোটা বিশ্ব। হামলায় যারা স্বজন হারিয়েছেন তাদের বলছি হামলাকারীরা যোগ্য জবাব পাবে। ন্যায় বিচার করা হবে।

(১ম পাতার পর)

# দিঘায় আসছেন সাংসদ অভিষেক, উচ্ছ্বাস-উদ্দীপনার জোয়ার, পর্যটকশূন্য সৈকত

পর্যটন ব্যবসায়ীরা। কিছু মাথায় হাত পড়েছে দিঘার হোটেল মালিকদের। কারণ দিঘা ঘিরে যান চলাচল নিয়ন্ত্রণ করেছে পুলিশ।তাছাড়া তৃণমূল কংগ্রেস সূত্রে খবর, মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে সারাদিনের অনুষ্ঠানে থাকবেন অভিষেক। আর বুধবার দিনই অভিষেক কলকাতায় ফিরে যাবেন। সব মিলিয়ে দিঘায় এখন উচ্ছ্বাস-উদ্দীপনার জোয়ার উঠেছে। তার প্রভাব পড়েছে বাংলার প্রত্যেকটি কোণে। উদ্বোধনী অনুষ্ঠানের দিকে এখন সকলেই তাকিয়ে। আর ১১৬বি জাতীয় সড়কে দিঘা প্রবেশের মুখে ব্যারিকেড দিয়ে শহরে যানবাহন ঢোকা বন্ধ করেছে পুলিশ। ওল্ড দিঘা ফরেস্ট রোডে এবং হাসপাতালের সামনে দু'টি বড় পার্কিং তৈরি হলেও কোনও গাড়িকে পার্কিং পর্যন্ত আসতে দিচ্ছে না পুলিশ। বাস, টোটো, অটো চলাচলও বন্ধ। সমস্ত বাস বাইপাস দিয়ে নিউ দিঘা ঘুরে ওড়িশা সীমানা পর্যন্ত চলছে।যেটা চলবে আগামীকাল ৩০ এপ্রিল পর্যন্ত। তার জেরে পর্যটকদের দিঘায় ঢুকতে অসুবিধা হবে এবং দিঘা থেকে বহু পর্যটককে ফিরতেও ভোগান্তি পোহাতে হয়েছে বলে অভিযোগ। এই আবহে আগামীকাল বুধবার দিঘায় আসবেন তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় বলে সূত্রের খবর। আজই মহাযজ্ঞ শুরু হচ্ছে।

এদিকে হাজার হাজার ভক্তের সঙ্গে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বুধবার দিঘার সমুদ্রতটে জগন্নাথদেবের প্রাণ প্রতিষ্ঠা এবং নব আবাসের দ্বারোদ্ঘাটন হবে। সেই মাহেন্দ্রক্ষণের সাক্ষী থাকবেন দেশ-বিদেশের বহু পর্যটক। আর সাক্ষী হতে আসছেন ডায়মন্ডহারবারের সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়। এখানে পর্যটনের আন্তর্জাতিক মানচিত্রে একদম উপরের দিকে জায়গা করে নিতে চলেছে দিঘার জগন্নাথধাম। যা গতকালই বলেছিলেন বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আর দিঘার জগন্নাথধামে আসবেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। মন্দিরের উদ্বোধন থেকে শুরু করে অনুষ্ঠান গোটা সময়ে থাকবেন তিনি বলে সূত্রের খবর।

অন্যদিকে মুখ্যমন্ত্রীও জানিয়ে দিয়েছিলেন, মন্দির উদ্বোধনের দিন যানজটের কারণে মানুষের সমস্যা যেন না হয় তাই ২৮ থেকে ৩০ এপ্রিল পর্যন্ত দিঘার মধ্যে যান চলাচল নিয়ন্ত্রণ করা হবে। আর পুলিশ প্রশাসনের পক্ষ থেকে ইতিমধ্যেই মাইকিং করে জানিয়ে দেওয়া হয়, শহরের ভিতর দিয়ে বাস, লরি, মোটরবাইক, টোটো, অটো-সহ কোনও গাড়ি যাতায়াত করা যাবে না। এমন অবস্থায় ধর্মীয় আচার পালন শুরু হয়েছে ২৫ এপ্রিল থেকে। পুরীর মন্দির থেকে আসা জগন্নাথদেবের ৫৭ জন সেবক, রাজ্যের নানা প্রান্ত থেকে আসা ইসকনের ১৭ জন সন্ন্যাসীর তত্ত্বাবধানে চলছে ধর্মীয় আচার। এবার সেখানে আসছেন অভিষেক বন্দ্যোপাধ্যায়।

# মরিশাসের পোর্ট লুই-এ পৌছলো আইওএস সাগর

**নতুন দিল্লি, ২৭ এপ্রিল ২০২৫**

দক্ষিণ-পশ্চিম ভারত মহাসাগরে মোতায়েন প্রক্রিয়ার অংশ হিসেবে ন্যাশনাল কোস্ট গার্ড (এনসিজি) মরিশাসের সঙ্গে যৌথ ইইজেড নজরদারির প্রথম পর্যায়ের সমাপ্তির পর, ২৬ এপ্রিল ২০২৫-এ মরিশাসের পোর্ট লুই হারবারে পৌঁছায় আইওএস সাগর। বিদেশী বন্ধু দেশগুলির সঙ্গে আঞ্চলিক সামুদ্রিক সহযোগিতা এবং সক্ষমতা বৃদ্ধির প্রতি ভারতের প্রতিশ্রুতির ক্ষেত্রে এই সফর একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। ভারতীয় নৌবাহিনীর জাহাজ সুনয়না (আইওএস সাগর) ৫ এপ্রিল ২০২৫ তারিখে কারওয়ার থেকে যাত্রা করেছিল। এতে ভারত মহাসাগর অঞ্চলের (আইওআর) নয়টি বিদেশী বন্ধু দেশের ৪৪ জন নৌসেনা সদস্য রয়েছেন। এর মধ্যে মরিশাস প্রজাতন্ত্রের দুই কর্মকর্তা এবং ছয়জন নাবিকও আছেন।

এই উদ্যোগটি ভারতীয় নৌবাহিনীর সম্মিলিত বৃদ্ধি এবং সহযোগিতার ভাবনা নিয়ে আন্তঃকার্যক্ষমতা, পারস্পরিক সমরশিক্ষা এবং আঞ্চলিক সামুদ্রিক নিরাপত্তা বৃদ্ধির অব্যাহত প্রচেষ্টাকে তুলে ধরে।

উৎসাহ ও উদ্দীপনার সঙ্গে এই জাহাজ এবং ক্রুদের উষ্ণ অভ্যর্থনা জানানো হয়, যা ভারত ও মরিশাসের মধ্যে ঘনিষ্ঠ এবং সময়-পরীক্ষিত বন্ধুত্বের প্রতিফলন। এই সংবর্ধনা অনুষ্ঠানে উপস্থিত

এরপর ৬ পাতায়

## সম্পাদকীয়

### কবে, কীভাবে পাকিস্তানকে প্রত্যাঘাত? সেনার উপরেই দায়িত্ব ছাড়লেন মোদি

পহেলগাঁওয়ে সন্ত্রাসী হামলার জবাব কবে এবং কিভাবে দেওয়া হবে তা নিয়ে সিদ্ধান্ত নেওয়ার ভার সেনাবাহিনীর উপরেই ছেড়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। আজ মঙ্গলবার (২৯ এপ্রিল) বিকেলে ৭ লোককল্যাণ মার্গের বাড়িতেই সেনাবাহিনীর তিন প্রধান ও সর্বাধিনায়কের সঙ্গে উচ্চ পর্যায়ের বৈঠকে বসেছিলেন প্রধানমন্ত্রী।এক সপ্তাহের মাথায় ফের কেন্দ্রীয় মন্ত্রিসভার নিরাপত্তা সংক্রান্ত কমিটির বৈঠক ডাকায় রাজধানীর অন্দরে জোর চর্চা শুরু হয়েছে, বড় কিছু ঘটতে চলেছে। গত রবিবারই প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিংহের সঙ্গে বৈঠক করেছিলেন তিন বাহিনীর সর্বাধিনায়ক অনিল চৌহান। ওই বৈঠকের পরে সোমবার (২৮ এপ্রিল) প্রধানমন্ত্রীর সঙ্গে বৈঠকে বসেছিলেন প্রতিরক্ষামন্ত্রী। রাতেই ভারতীয় সেনার উত্তরাঞ্চলীয় প্রধান হিসাবে নিয়োগ করা হয়েছিল লেফটেন্যান্ট জেনারেল প্রতীক শর্মাকে। ঘটনাক্রম দেখে প্রতিরক্ষা বিশেষজ্ঞরা নিশ্চিত, পকিস্তানকে চরম শিক্ষা দেওয়ার পথেই হাঁটা হবে এবার।

সূত্রের খবর, এদিন তিন বাহিনীর প্রধানের সঙ্গে বৈঠকে প্রধানমন্ত্রী বলেন 'পহেলগাঁওয়ে যা ঘটেছে তা মানবতার লজ্জা। জঘন্য ও নৃশংস হামলায় জড়িত সন্ত্রাসবাদীদের যোগ্য জবাব দেওয়া আমাদের জাতীয় কর্তব্য এবং সংকল্প। এমন জবাব দিতে হবে যে সারা জীবন মনে রাখবে সন্ত্রাসীরা। ওই জবাব দেওয়ার দায়িত্ব সেনাবাহিনীর উপরেই ছেড়ে দেওয়া হচ্ছে। তারা যে সিদ্ধান্ত নেবে তাই চূড়ান্ত।'হাজির ছিলেন প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিংগ, জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভালও। প্রায় দেড়ঘন্টা ধরে চলে ওই বৈঠক। সূত্রের খবর, প্রত্যাঘাতের বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার ভার সেনার উপরেই ছেড়েছেন মোদি। তিন বাহিনীর সর্বাধিনায়ক ও প্রধানদের উদ্দেশে তিনি বলেন, 'ভারতীয় সেনার উপরে আমাদের পূর্ণ বিশ্বাস ও ভরসা রয়েছে। দেশকে সুরক্ষিত রাখার দায়িতব কিভাবে পালন করা যাবে তা তারা ভাল জানেন। তাই পহেলগাঁওয়ে যে সন্ত্রাসী হামলা চলেছে তার জবাব কিভাবে, কখন দেওয়া হবে তা নিয়ে সিদ্ধান্ত নেবে সেনা। প্রত্যাঘাতের বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে সেনাকে পূর্ণ স্বাধীনতা দেওয়া হচ্ছে।'

গত মঙ্গলবার (২২ এপ্রিল) পহেলগাঁওয়ের বৈসরণে অতর্কিতে হামলা চালিয়ে ২৬ নিরীহ পর্যটককে গুলিতে ঝাঁঝরা করে দেয় পাকিস্তানি মদতপুষ্ঠ জঙ্গিরা। কুখাত জঙ্গি নেতা হাফিজ সঈদের নেতৃত্বাধীন সন্ত্রাসী সংগঠন লস্কর-ই-তৈয়বার সহযোগী শাখা 'দ্য রেজিস্ট্যান্স ফ্রন্ট' ওই হামলার দায় স্বীকার করেছে। নিরীহ পর্যটকদের নির্মম হত্যাকাণ্ডে ফুঁসছে গোটা দেশ। পাকিস্তানকে চরম শিক্ষা দেওয়ার দাবিতে সরব হয়েছেন সাধারণ মানুষ থেকে শুরু করে বিভিন্ন রাজনৈতিক দলের শীর্ষ নেতারা।

পহেলগাঁওয়ের ভয়াবহ হামলার জবাব কীভাবে দেওয়া হবে, তা নিয়ে গত বুধবার সন্ধেয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বাসভবনে কেন্দ্রীয় মন্ত্রিসভার নিরাপত্তা সংক্রান্ত কমিটির বিশেষ বৈঠক বসেছিল। প্রায় দু'ঘন্টা ধরে চলে বৈঠক। ওই বৈঠক শেষে জরুরি সাংবাদিক সম্মেলন করেন বিদেশ সচিব বিক্রম মিশরি। সাংবাদিক বৈঠকে তিনি বলেন, 'পহেলগাঁওয়ে মঙ্গলবার যে কাপুরোষিত হামলা চলেছে তাতে পাকিস্তানের যোগসাজশ স্পষ্ট। দীর্ঘদিন ধরে সতর্ক করা সত্ত্বেও সন্ত্রাসবাদী কাজকর্মে লাগাম টানছে না পাকিস্তান। তাই বেশ কয়েকটি সিদ্ধান্ত নেওয়া হয়েছে নিরাপত্তা সংক্রান্ত মন্ত্রী কমিটির বৈঠকে। পাক নাগরিকদের আর কোনও ভিসা দেওয়া হবে না। সেই সঙ্গে যে ভিসা রয়েছে তা বাতিল করা হয়েছে। ৪৮ ঘণ্টার মধ্যে দেশ ছাড়তে হবে ভারতে থাকা পাক নাগরিকদের। দেশে ফেরানো হচ্ছে পাকিস্তানে থাকা অধিকাংশ ভারতীয় আধিকারিককে। দিল্লিতে পাকিস্তানি দূতাবাসে থাকা প্রতিরক্ষা সংক্রান্ত তিন আধিকারিককে ফিরিয়ে নিতে বলা হয়েছে। দুই দেশের দূতাবাসে কর্মী ও আধিকারিকের সংখ্যা ৫৫ থেকে কমিয়ে ৩০-এ নামিয়ে আনার সিদ্ধান্ত হয়েছে। পাশাপাশি সিন্ধু জল চুক্তি রদ করা হচ্ছে।'

## কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



মৃত্যুঞ্জয় সরদার
(তেরো পর্ব)



আওয়াজ শুনতে পান, সারা বাড়ি ঘুরে শেষে ঠাকুরঘরে দেখেন এক সুন্দরী নারী বসে কাঁদছে। রাজা তার সামনে গিয়ে বলেন, "কে মা তুমি? কাঁদছো কেন ?"সে বলে "আমি রাজলক্ষ্মী, তোর বাড়িতে এতদিন ছিলাম, এখন আর থাকতে পারবো না, চলে যেতে হবে তাই কাঁদছি। "রাজা বিনয় সুরে হাতজোড় করে জিজ্ঞেস করলেন, "কেন মা আমি কি করলাম?"সে বলল, "আমি যে আর থাকতে পারবো না। বাড়িতে যে তুই অলক্ষ্মী কিনে এনেছিস।"তারপর কাঁদতে কাঁদতে রাজলক্ষ্মী চলে গেলেন।খারাপ মন নিয়ে রাজা জানলার ধারে বসে ছিলেন

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

(২ পাতার পর)

## জাল পাসপোর্ট কাণ্ডে ধৃত বাংলাদেশি আসলে পাকিস্তানি! পহেলগাঁও আবহে ইডির দাবিতে চাঞ্চল্য

আজাদকে গ্রেপ্তার করেছিল ইডি। আজাদ নিজে জাল পাসপোর্ট তৈরি করে সীমান্ত পেরিয়ে এদেশে এসেছিল বলে অভিযোগ। আর এই চক্রের খুঁটিনাটি সম্পর্কে সমস্ত তথ্য ছিল তার হাতের মুঠোয়। সেই ক্ষমতা কাজে লাগিয়ে মোটা টাকার বিনিময়ে ভুয়ো পাসপোর্ট বানাত। সেই তদন্ত এগোতেই চাঞ্চল্যকর তথ্য পেল ইডি। তারা আদালতে জানাল, ধৃত আজাদ মল্লিক পাকিস্তানের নাগরিক। পাকিস্তানের পরিচয় গোপন করতেই নিজেকে বাংলাদেশি নাগরিক বলে দাবি করত।

গ্রেপ্তারির পর টানা জেরা ও তদন্তে উঠে আসে আজাদ আদতে পাকিস্তানের নাগরিক। সূত্রের দাবি, আজাদের বাড়িতে তল্লাশি চালিয়ে পাকিস্তানি ড্রাইভিং লাইসেন্স উদ্ধার হয়। সেখানে নাম লেখা হয়েছে আজাদ হোসেন। তদন্তকারীদের দাবি, আজাদের প্রকৃত নাম আহমেদ হোসেন আজাদ ওরফে আজাদ হোসেন। পৃথক পৃথক তথ্য দিয়ে দুটো ভোটার, দুটো আধার কার্ড ও ড্রাইভিং লাইসেন্স তৈরি করে সে। সবমিলিয়ে পাকিস্তানি-বাংলাদেশি ড্রাইভিং লাইসেন্সের পাশাপাশি ভারতের লাইসেন্সও ছিল তার কাছে। বিদেশে যাওয়ার জন্য ভিসার আবেদনও করেছিল আজাদ, বলে আদালতে দাবি ইডির।

## ন্যায় কর্মফলদাতা শনিদেব



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

শনিদেবের একমাত্র আরাধ্য দেব মহাযোগী হনুমানজি। অন্যদিকে ব্রহ্মবৈবর্ত পুরাণের গণেশের জন্মকাহিনির সঙ্গে শনির যোগের কথা অনেকেই জানেন। তবু সেটার উল্লেখ না করলে এই রচনা অসম্পূর্ণ থেকে যাবে।

**ক্রমশঃ**


## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# পাকিস্তানের সঙ্গে উত্তেজনার মধ্যেই সেনার উত্তরাঞ্চলীয় প্রধান পদে বসানো হল জঙ্গিদের 'যম'-কে

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**



**শ্রীনগর:** পহেলগাঁওকাণ্ডের জেরে দিল্লির সঙ্গে ইসলামাবাদের সম্পর্ক তলানিতে গিয়ে পৌঁছেছে। দুই দেশের মধ্যে উত্তেজনার আবহেই সোমবার (২৮ এপ্রিল) রাতে আচমকাই সেনার উত্তরাঞ্চলীয় প্রধান পদে বসানো হল লেফটেন্যান্ট জেনারেল প্রতীক শর্মাকে। উত্তরাঞ্চলীয় প্রধান হিসাবে জম্মু এবং লাদাখ অঞ্চলে মোতায়েন ভারতীয় সেনার নেতৃত্ব দেবেন তিন দশকের বেশি অভিজ্ঞতা সম্পন্ন জঙ্গিদের 'যম' হিসাবে পরিচিত দুঁদে আধিকারিক ।এছাড়া ২০০১ সালে সংসদ হামলার পরে সীমান্তে জঙ্গি দমনের জন্য শুরু হওয়া 'অপারেশন পরাক্রম' পরিচালনা করেছিলেন। জম্মু-কাশ্মীরে ভারতীয় সেনার জঙ্গিবিরোধী অভিযান 'অপারেশন রক্ষক' পরিচালনার দায়িত্বও সামলেছিলেন। ওই অভিযানে কার্যত পাক সেনাদের কোমর ভেঙে দেওয়া হয়েছিল। পাক মদতপুষ্ঠ জঙ্গিদের কাছে 'জীবন্ত যম' হিসাবেই পরিচিত লেফটেন্যান্ট জেনারেল প্রতীক শর্মা। সূত্রের খবর, পহেলগাঁওয়ের বদলা নিতে সরকার যে প্রত্যাঘাতের পরিকল্পনা করেছে, তাতে বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা থাকবে সেনার উত্তরাঞ্চলীয় শাখার। তাই সেনার নিচুতলার আধিকারিক ও কর্মীদের মনোবল বাড়াতেই প্রতীক শর্মার মতো সাহসী ও জাঁদরেল আধিকারিককে নর্দান কম্যান্ডের কম্যান্ডার ইন চিফ পদে নিয়োগ করা হয়েছে।আগামী ৩০ এপ্রিল অবসর নিচ্ছেন উত্তরাঞ্চলীয় প্রধান এমভি সুচিন্দ্র কুমার। তাঁরই স্থলাভিষিক্ত হচ্ছেন প্রতীক শর্মা। পাকিস্তানের সঙ্গে উত্তেজনার মাঝেই লেফটেন্যান্ট জেনারেল প্রতীক শর্মাকে সেনার উত্তরাঞ্চলীয় প্রধান পদে নিয়োগ যথেষ্টই ইঙ্গিতবহ বলে মনে পহেলগাঁও হামলার পরে শ্রীনগর সফরে গিয়েছিলেন সেনাপ্রধান উপেন্দ্র দ্বিবেদী। তাঁর সঙ্গে ছিলেন সেনাবাহিনীর উপ প্রধান (রণকৌশল) প্রতীক শর্মা। তার পর থেকেই জল্পনা চলছিল, উত্তর সীমান্তে পাকিস্তান ও চিনকে যথাযোগ্য জবাব দেওয়ার গুরুদায়িত্ব অভিজ্ঞ আধিকারিকের উপরেই বর্তাবে। সেই জল্পনা সত্যি হল। সোমবার রাতেই ভারতীয় সেনার উত্তরাঞ্চলীয় প্রধানের দায়িত্ব সঁপে দেওয়া হয়েছে প্রতীক শর্মার কঁধে। ভারতীয় সেনার সেকেন্ড মাদ্রাজ রেজিমেন্টে কমিশনড অফিসার হিসাবে কর্মজীবন শুরু করা লেফটেন্যান্ট জেনারেল প্রতীক শর্মা তিন দশকের বেশি সময় ধরে একাধিক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। তার মধ্যে যেমন শ্রীলঙ্কায় 'অপারেশন পবন'-এর নেতৃত্বে ছিলেন, তেমনই সিয়াচিনে 'অপারেশন মেঘদূত'-এর ক্ষেত্রেও বিশেষ দক্ষতার পরিচয় রেখেছিলেন।

## বনগাঁয় গ্রেপ্তার চার বাংলাদেশি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**বনগাঁ:** কাশ্মীরের পহেলগাঁওতে জঙ্গি হামলায় ২৬ জন পর্যটক মারা গিয়েছেন। তারপর থেকে সীমান্ত এলাকাগুলিতে আরও নজরদারি বাড়িয়েছে ভারতীয় সেনা ও বিএসএফ। বাংলার সীমান্তেও নজরদাড়ি বেড়েছে। সেই আবহে এবার চার বাংলাদেশি অনুপ্রবেশকারীকে গ্রেপ্তার করা হল। আজ মঙ্গলবার সকালে উত্তর ২৪ পরগনার বনগাঁ মোতিগঞ্জ এলাকা থেকে তাদের গ্রেপ্তার করা হয়েছে।পুলিশ সূত্রে জানা গিয়েছে, ওই চারজনের নাম সুমি মোল্লা, সাবিনা মোল্লা, আলীফা মোল্লা, বিপ্লব মোল্লা। এদিন সকালেই তারা সীমান্ত পেরিয়ে বাংলাদেশ থেকে এদেশে এসেছিল। এদেশে কাজের জন্য তারা এসেছিল। পুলিশের জেরায় প্রাথমিকভাবে এই কথা জানা গিয়েছে। এদেশের ভুয়ো পরিচয়পত্র বানানোর পরিকল্পনা ছিল? সীমান্ত পেরিয়ে দেশের কোথায় যাওয়ার উদ্দেশ্য ছিল তাদের? নাশকতামূলক কাজের সঙ্গে কি তারা জড়িত? সেই প্রশ্ন উঠেছে। এদিনই ধৃতদের মহকুমা আদালতে তোলা হয়।পুলিশ সূত্রে জানা গিয়েছে, এদিন সকালে বনগাঁর মোতিগঞ্জ এলাকায় ওই তিন তরুণী ও এক যুবককে ইতস্তত ঘুরতে দেখা গিয়েছিল। তাদের দেখে সন্দেহ হয়েছিল স্থানীয়দের। বনগাঁ থানার পুলিশ খবর পেয়ে সেখানে যায়। ওই চারজনকে ধরে জিজ্ঞাসাবাদ চলতে থাকে। তাদের থেকে এদেশের কোনও বৈধ কাগজপত্র পাওয়া যায়নি। চেপে ধরতে জানা যায়, সীমান্ত পেরিয়ে ওই চারজন ভারতে এসেছে। এরপরই তাদের পাকড়াও করে বনগাঁ থানায় নিয়ে যাওয়া হয়।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফামেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফামেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফামেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফামেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# যুদ্ধের প্রস্তুতি, ভারতীয় সীমান্তের দিকে আসছে পাকিস্তানি সেনা

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন



**ইসলামাবাদ:** পহেলগাঁও কাণ্ডের জেরে ভারতীয় সেনার প্রত্যাঘাত রুখতে জোরকদমে প্রস্তুতি শুরু করেছে পাকিস্তানি সেনা। ইতিমধ্যেই দেশের বিভিন্ন সেনা ঘাঁটি থেকে সেনার বিভিন্ন ডিভিশনকে নিয়ন্ত্রণ রেখায় পাঠানো শুরু হয়েছে। আর্টিলারি রেজিমেন্টকে শিয়ালকোটের শকড়গড়ে মোতায়েন করা হয়েছে।পাক সেনার এক আধিকারিকের কথায় 'ভারত যে কোনও সময়ে প্রতাঘাত করতে পারে ধরে নিয়েই পাল্টা জবাব দেওয়ার প্রস্তুতি নেওয়া হচ্ছে। ভারতীয় সেনা যাতে স্থলপথ পেরিয়ে পাকিস্তানে ঢুকতে না পারে তার জন্যই সীমান্তে বাড়তি সেনা মোতায়েন করা হয়েছে। রাওয়ালপিন্ডি থেকে শুরু করে দেশের বিভিন্ন সেনা ঘাঁটি সুরক্ষিত রাখার পাশাপাশি সেনাদের বড় একটা অংশকেই নিয়ন্ত্রণ রেখায় পাঠানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তুরস্ক থেকে ইতিমধ্যেই প্রচুর পরিমাণ গোলা-বারুদ আমদানি করা হয়েছে।'সিন্ধ রেজিমেন্টকেও নিয়ন্ত্রণ রেখায় পাঠানো হয়েছে। জম্মুর উল্টোপ্রান্তে থাকা খারিয়ায় যুদ্ধের মহড়া শুরু করে দিয়েছে পাক সেনাবাহিনী। 'হ্যামার স্ট্রাইক' নামাঙ্কিত ওই মহড়ায় মূলত নিজেদের শক্তি যাচাই করে নিচ্ছে পাক সেনা।

স্থল বাহিনীর পাশাপাশি পাকিস্তান বায়ুসেনাও যুদ্ধের জন যাবতীয় প্রস্তুতি নিতে শুরু করেছে। দক্ষিণাঞ্চলীয় বায়ু কম্যান্ডের অধীনে জারব-ওই-হায়দারি নামাঙ্কিত যুদ্ধের মহড়া চালানো হচ্ছে। গত তিনদিন ধরে ওই মহড়া চলছে। মহড়ায় আত্যাধুনিক যুদ্ধ বিমান জেএফ ১৭ এবং এফ-১৬ আংশ নিয়েছে। দেশের সব কয়টি বায়ুসেনা ঘাঁটিকে যুদ্ধের জন প্রস্তুত থাকার নির্দেশ দেওয়া হয়েছে। পাশাপাশি ভারতের এস-৪০০ ক্ষেপণাস্ত্র হামলা থেকে বাঁচার জন্য এফ-১৬ যুদ্ধ বিমান গদর থেকে সরিয়ে অন বায়ু সেনা ঘাঁটি গুলিতে পাঠানো হয়েছে।

(৩ পাতার পর)

## মরিশাসের পোর্ট লুই-এ পৌছলো আইওএস সাগর

ছিলেন পুলিশ কমিশনার মিঃ সুরোজেবল্লি এবং সে দেশের প্রধানমন্ত্রীর কার্যালয়ে কর্মরত অনেক উচ্চপদস্থ আধিকারিক, মরিশাস পুলিশ বাহিনী, ভারতীয় হাই কমিশন এবং এনসিজি মরিশাসের বেশ কয়েকজন উচ্চপদস্থ গণ্যমান্য ব্যক্তি। স্বাগত অনুষ্ঠান শেষে, বিশিষ্ট ব্যক্তিদের জাহাজটি ঘুরিয়ে দেখানো হয়, আর তারপর বিদেশী বন্ধু দেশগুলি থেকে আগত কর্মীদের সঙ্গে মতবিনিময় করা হয়।

পোর্ট কলের সময়, আইওএস সাগর-এর কমান্ডিং অফিসার, ভারতের জাতীয় উপকূলরক্ষী বাহিনীর কমান্ড্যান্ট, মরিশাসের পুলিশ কমিশনার এবং ভারতের হাই কমিশনারের সঙ্গে সাক্ষাৎ করবেন। দুই দিনের বন্দর আহ্বানের সময় বিবিধ কর্মসূচির পরিকল্পনা করা হয়েছে, যার মধ্যে রয়েছে আইওএস সাগরের ক্রুদের মেরিটাইম এয়ার স্কোয়াড্রন, স্পেশাল মোবাইল ফোর্স স্কোয়াড্রন এবং পুলিশ হেলিকপ্টার স্কোয়াড্রন পরিদর্শন। মরিশাসের পুলিশ কমিশনার তাঁদের পুলিশ সদর দপ্তরে আইওএস সাগরের বহুজাতিক ক্রুদের সঙ্গেও মতবিনিময় করবেন। ২৭ এপ্রিল ২০২৫ তারিখে এই জাহাজটি দর্শনার্থীদের জন্য উন্মুক্ত থাকবে। পোর্ট লুই-এ জাহাজের অবস্থানকালে ট্রেকিং, যৌথ যোগ ব্যায়াম এবং বন্ধুত্বপূর্ণ ক্রীড়া অনুষ্ঠানের মতো কর্মসূচিরও পরিকল্পনা করা হয়েছে।

যাত্রার সময়, জাহাজটি ন্যাশনাল সিকিউরিটি গার্ড মরিশাসের সঙ্গে যৌথ ইইজেড সার্ভেইলেন্স বা নজরদারির দ্বিতীয় ধাপ চালু করবে এবং তা সমাপ্তির পর সেশেলসের ভিক্টোরিয়া বন্দরে যাবে।

আইএনএস সুনয়না, একটি অত্যাধুনিক সরযু ক্লাস এনওপিভি, যা জলদস্যু বিরোধী অভিযান, সামুদ্রিক নজরদারি এবং এইচএডিআর-এর জন্য ডিজাইন করা হয়েছে। জাহাজটি মাঝারি এবং নিকটতম পাল্লার বন্দুক ও ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা ব্যবস্থা সম্পন্ন আধুনিক ইলেকট্রনিক যুদ্ধ স্যুট দিয়ে সজ্জিত। জাহাজটি একটি হেলিকপ্টারও বহন করতে পারে, যা তার পরিচালনা এবং নজরদারি ক্ষমতাকে বাড়িয়ে দেয়।

# সিনেমার খবর

## তিরুপতিতে একসঙ্গে সামান্থা-রাজ, বিয়ের জল্পনা

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

নাগা চৈতন্যের সঙ্গে বিচ্ছেদের পর ব্যক্তিগত জীবন নিয়ে বেশ খোলামেলা মন্তব্য করেছিলেন দক্ষিণী অভিনেত্রী সামান্থা রুথ প্রভু। জানিয়েছিলেন, তার 'মনের দরজা চিরতরে বন্ধ'। কিন্তু সময়ের সঙ্গে সঙ্গে বদলেছে সেই মনোভাব, এমনটাই দাবি করছেন অনুরাগীরা। কারণ, সাম্প্রতিক সময়ে বলিউডের খ্যাতনামা পরিচালক রাজ নিদিমোরুর সঙ্গে তার ঘনিষ্ঠতা নিয়ে বলিপাড়ায় জোর গুঞ্জন।

সম্প্রতি তিরুপতি বালাজি মন্দিরে পুজো দিতে গিয়েছিলেন সামান্থা। সঙ্গে ছিলেন রাজ নিদিমোরুও। এই সফরের পরেই গুঞ্জন আরও জোরালো হয়েছে যে, তাদের মধ্যে শুধু পেশাদার নয়, ব্যক্তিগত সম্পর্কও রয়েছে। নেটিজেনদের অনেকেই বলছেন—এটি বিয়ের আগের আশীর্বাদ নেওয়ার আয়োজন!


রাজ নিদিমোরু, সামান্থা রুথ প্রভু।

সামান্থা-রাজ ঘনিষ্ঠতার সূত্রপাত কিন্তু এখনকার নয়। ২০২১ সালে রাজ ও ডিকে পরিচালিত 'দ্য ফ্যামিলি ম্যান ২'-তে অভিনয় করেছিলেন সামান্থা। এরপর ২০২৩ সালে ওটিটিতে মুক্তি পাওয়া 'সিটাডেল: হানি বানি' সিরিজেও এই পরিচালনা জুটির সঙ্গে কাজ করেন তিনি। শুধু তাই নয়, সামান্থার প্রথম প্রযোজিত ছবি 'শুভম' মুক্তি পাচ্ছে আগামী ৯ মে। এই ছবির প্রচারে রাজের উপস্থিতিও কম নয়।

এমনকি সাম্প্রতিক পিকাবল চ্যাম্পিয়ানশিপ অনুষ্ঠানে একসঙ্গে হাজির হয়েছিলেন রাজ ও সামান্থা। এরপর মন্দির দর্শনে গিয়ে এই সম্পর্ক যেন আরও প্রকাশ্য হয়ে পড়েছে।

নাগা চৈতন্যের সঙ্গে বিচ্ছেদের পর দীর্ঘ সময় একাই ছিলেন সামান্থা। এর মধ্যে তার স্বাস্থ্যের অবনতিও হয়েছে, কেরিয়ারে উঠেছে-নেমেছে বহু ঢেউ। কিন্তু রাজের সঙ্গে সাম্প্রতিক উপস্থিতি ও একাধিক প্রজেক্টে একসঙ্গে কাজ—সব মিলিয়ে বলিপাড়ায় শুরু হয়েছে নতুন সম্পর্কের গুঞ্জন।

তবে সামান্থা বা রাজ—এখনও কেউই এ বিষয়ে আনুষ্ঠানিক কিছু বলেননি।

## ১৯ বছরের প্রেমিক, পঞ্চাশে অন্তঃসত্ত্বা আমিশা?



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

বলিউড অভিনেত্রী আমিশা প্যাটেলকে ঘিরে প্রায়ই নানা আলোচনায় মেতে ওঠে নেটদুনিয়া, বিশেষ করে তার ব্যক্তিগত জীবন নিয়ে। ৪৯ বছর বয়সেও স্টাইল ও গ্ল্যামার দিয়ে আলোচনায় থাকেন এই তারকা। সম্প্রতি দুবাইয়ে ছুটি কাটানোর সময় কিছু ছবি প্রকাশ করে আবারও চর্চার কেন্দ্রে এলেন তিনি। যেখানে তাকে সবুজ মনোকিনিতে দেখা যায়। হাতে আইসক্রিম, খোলা চুল, মাথায় টুপি ও চোখে সানগ্লাস পরে ক্যামেরার সামনে পোজ দিয়েছেন তিনি।

ছবিটি প্রকাশের পরই শুরু হয় গুঞ্জন। তিনি কি অন্তঃসত্ত্বা? কারণ, ছবিতে তার পেটের অংশ বিশেষভাবে নজর কেড়েছে নেটিজেনদের। অনেকে মন্তব্য করেছেন, 'অন্তঃসত্ত্বা লাগছে নাকি ভুল?' কেউ লিখেছেন, 'হে ভগবান, বিয়ে ছাড়াই অন্তঃসত্ত্বা?' এমন নানা মন্তব্যে এখন সোশ্যাল মিডিয়ায় ভাইরাল আমিশা।

তবে এই বিষয়ে এখনো কোনো মন্তব্য করেননি আমিশা। এর আগে কিছুদিন গুঞ্জন উঠেছিল, তিনি নির্বাণ নামের ১৯ বছরের এক যুবকের সঙ্গে প্রেম করছেন। তাদের যুগল একটি ছবিও ভাইরাল হয়েছিল, যেখানে দেখা যায়, নির্বাণের বাহুতে জড়ানো আমিশা। সে ছবি পোস্ট করে অভিনেত্রী লিখেছিলেন, 'আমার ডার্লিংয়ের সঙ্গে সুন্দর একটা সন্ধ্যা।' পাল্টা নির্বাণ লিখেছিলেন, 'ডার্লিং'।


## সালমানের পর অভিনব শুক্লাকে হত্যার হুমকি সেই একই গ্যাংয়ের

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

সালমান খান একের পর এক হুমকি পেয়েছেন লরেন্স বিশ্নোইয়ের থেকে। এমনকি তারকার বাড়ি 'গ্যালাক্সি' তাক করে গুলিও ছুড়েছিল তার দলের দুষ্কৃতীরা। প্রাতর্ভ্রমণে বেরিয়ে হুমকি পেয়েছিলেন সালমানের বাবা সেলিম খানও।

তার পরেই নিরাপত্তা জোরদার করা হয়। 'গ্যালাক্সি'র জানলায় বসানো হয় বুলেটরোধক কাচ। এবার সেই একই রকমের হুমকি পেলেন ভারতের আরেক অভিনেতা অভিনব শুক্লা। তার দাবি, হুমকিদাতা নিজেই জানিয়েছে সে লরেন্স বিশ্নোইয়ের দলের লোক।

সালমান খানের বাড়িতে যেমন গুলি চালানো হয়েছিল, সেই একই কায়দায় অভিনবের বাড়িতেও গুলি চালানো হবে। এমনই হুমকি এসেছে ছোট পর্দার অভিনেতার কাছে। অভিনব তার



সামাজিক যোগাযোগমাধ্যমে পোস্ট করে ঘটনাটি জানিয়েছেন। অঙ্কুশ গুপ্ত নামে এক ব্যক্তি অভিনবকে ইনস্টাগ্রামে ব্যক্তিগতভাবে সেই হুমকিবার্তা পাঠান। সেই বার্তায় লেখা ছিল, আমি লরেন্স বিশ্নোইয়ের লোক। তোর বাড়ির ঠিকানা আমার জানা আছে। আসব নাকি? সালমান খানের বাড়িতে যেমন গুলি করেছিলাম। তোর বাড়িতেও একে ৪৭ দিয়ে তেমনই গুলি চালাব। এই বার্তার মধ্যে একাধিক অশালীন শব্দও জুড়ে দিয়েছিলেন অঙ্কুশ নামে সেই ব্যক্তি। সেই অজ্ঞাতপরিচয় ব্যক্তি অভিনবের প্রতি দিনের চলাফেরার বিষয়ে ওয়াকিবহাল বলেও জানান। নিরাপত্তারক্ষীদেরও গুলি করে হত্যা করার হুমকি দিয়েছেন। হুমকিবার্তা পোস্ট করে অভিনব লেখেন, আমার পরিবারকে খুনের হুমকি দেওয়া হয়েছে। দেখে মনে হচ্ছে, এই ব্যক্তি চণ্ডীগড় বা মোহালির বাসিন্দা। যারা এই ব্যক্তিকে চিনতে পারছেন, তারা পদক্ষেপ নিন।

এখানেই শেষ নয়। অভিনবের স্ত্রী রুবিনা দিলাইকও এমন হুমকিবার্তা পেয়েছেন। তবে সেই হুমকিদাতা নিজেকে 'বিগ বস্' খ্যাত আসিম রিয়াজের অনুরাগী বলে দাবি করেছেন। কিছু দিন আগেই 'ব্যাটলগ্রাউন্ড' নামে একটি রিয়্যালিটি শো-এ আসিমের সঙ্গে বচসায় জড়িয়েছিলেন রুবিনা। রূঢ় আচরণের জন্য অনুষ্ঠান থেকে বাদ পড়তে হয় আসিমকে।

# ৩৫ বলে সেঞ্চুরি, আইপিএলে বৈভব তাণ্ডব

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

৩৫ বলে সেঞ্চুরি। আইপিএলে নজির গড়লেন ১৪ বছরের বৈভব সূর্যবংশীর। রাজস্থান রয়্যালসের হয়ে ব্যাট করতে নেমে নতুন কীর্তি গড়ল বিহারের এই কিশোর ব্যাটার।

গুজরাট টাইটান্সের বিরুদ্ধে ২১০ রান তাড়া করতে নেমে ব্যাট হাতে ঝড় তুললেন বৈভব। ১৭ বলে অর্ধশতরান করে আইপিএলে কনিষ্ঠতম হিসাবে কীর্তিও গড়েছে। শেষ পর্যন্ত বৈভবের ব্যাট থেকে এসেছে ৩৮ বলে ১০১ রানের ইনিংস। ৭টি চার এবং ১১টি ছক্কা রয়েছে তার




ইনিংসে।

আইপিএলের নিলামে বৈভবকে ১ কোটি ১০ লাখ টাকায় কিনেছিলেন রাজস্থান।বিহারের কিশোর ক্রিকেটারের উপর আস্থা রেখেছিলেন রাজস্থান কোচ রাহুল দ্রাবিড়। ভারতীয় ক্রিকেটের ‘দ্য ওয়াল’ বলেছিলেন, বৈভবকে পূর্ণ ক্রিকেটার হিসাবে গড়ে তুলবে রাজস্থান। দ্রাবিড় যে শুধু কথার কথা বলেননি, তা আইপিএলে সুযোগ পেয়েই প্রমাণ করে দিয়েছে বৈভব। লখনউ সুপার জায়ান্টসের বিরুদ্ধে প্রথম খেলার সুযোগ পেয়েছিল বৈভব। প্রথম বলেই শার্দূল ঠাকুরের মতো অভিজ্ঞ বোলারকে ছয় মেরেছিল। তখনই বোঝা গিয়েছিল, কোন মানসিকতা নিয়ে ব্যাট করতে নামে আইপিএলের কনিষ্ঠতম ক্রিকেটার। সোমবার ইশান্ত শর্মা, মোহাম্মদ সিরাজ, ওয়াশিংটন সুন্দরদের মতো বোলারদের নিয়ে এক রকম ছেলেখেলা করলেন বৈভব। জুনিয়র সতীর্থের দাপট দেখে যশস্বী জয়সওয়ালের মতো ব্যাটার ২২ গজের অন্য প্রান্তে নিজেকে গুটিয়ে রাখলেন।

বৈভবের বাড়ি বিহারের সমস্তিপুরের তাজপুরে। চার বছর বয়সে বাবার হাত ধরে ক্রিকেট শেখা শুরু তার। সাড়ে সাত বছর বয়সে বৈভবের বাবা সঞ্জীব তাকে নিয়ে যান পটনার এক ক্রিকেট অ্যাকাডেমিতে। সেখানেই কোচ সৌরভ কুমার প্রথম দেখেন বৈভবকে। অবাক হয়ে গিয়েছিলেন এত কম বয়সে তার ব্যাটিং দেখে। নেটে নামার জন্য ছটফট করতেন বৈভব। আর সেখানে তার বয়সি বোলারেরা প্রায় পাত্তাই পেত না। বড়দের সঙ্গে খেলানো হত বৈভবকে।

মধ্যবিত্ত পরিবারের ছেলে বৈভব। বাবা কৃষক। একটি দোকানও আছে। জমি বিক্রি করে ছেলের ক্রিকেট শেখার খরচ জুগিয়েছেন সঞ্জীব। সমস্তিপুর থেকে ভোর ৪টার সময় বেরোতে হয়। পাটনা পৌঁছাতে সাড়ে ৭টা বাজে। সেখানে কোচ মণীশ ওঝার কাছে প্রশিক্ষণ নেন বৈভব। কাকভোরে খাবার বানিয়ে দেন বৈভবের মা। মণীশ বললেন, সমস্তিপুরে বৈভবের বাড়ি থেকে পাটনায় আমার অ্যাকাডেমির দূরত্ব প্রায় ১০০ কিলোমিটার। প্রতি দিন অনুশীলন করতে আসা সম্ভব ছিল না। এক দিন অন্তর আসত ও। তবে যে দিন আসত অন্তত ৫০০ বল খেলত।

## ম্যাক্সওয়েল-লিভিংস্টোন 'ছুটি' কাটাতে এসেছে : শেবাগ



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

চলতি আইপিএলে গ্লেন ম্যাক্সওয়েল ও লিয়াম লিভিংস্টোনের বাজে পারফরম্যান্স নিয়ে কড়া ভাষায় সমালোচনা করেছেন ভারতের সাবেক ওপেনার বীরেন্দর শেবাগ। তার মতে, এই দুই বিদেশি ক্রিকেটারের 'দলের জন্য কিছু করার কোনো ক্ষুধা নেই'—তারা যেন শুধুই ছুটি কাটাতে এসেছেন।

গ্লেন ম্যাক্সওয়েলকে এবার চার কোটি ২০ লাখ রুপিতে দলে নেয় পাঞ্জাব কিংস। কিন্তু প্রথম ম্যাচেই গোল্ডেন ডাকের শিকার হন। এরপর মাত্র কয়েক ইনিংসে সামান্য রান করে একাদশ থেকে বাদ পড়েন। রাজস্থানের বিপক্ষে ২১ বলে ৩০ রানের ইনিংস ছাড়া বাকি ম্যাচগুলোতে ছিলেন সম্পূর্ণ ব্যর্থ।

অন্যদিকে, বেঙ্গালুরুর হয়ে আট কোটি ৭৫ লাখ রুপিতে খেলা লিয়াম লিভিংস্টোনও ছন্দে নেই। সাত ম্যাচে একমাত্র ফিফটি করেন গুজরাটের বিপক্ষে (৫৪ রান)। বাকি ইনিংসগুলোয় নিজের নামের প্রতি সুবিচার করতে পারেননি। সর্বশেষ ম্যাচে তাকে একাদশেই রাখা হয়নি।

এক অনুষ্ঠানে শেবাগ বলেন, 'ওরা কেবল অবকাশ কাটাতে এসেছে। দলকে ভালোবাসে না, ম্যাচ জেতাতে চায় না—শুধু বড় বড় কথা বলে।'

তিনি আরও বলেন, 'ডেভিড ওয়ার্নার, এবি ডি ভিলিয়ার্স বা ম্যাকগ্রা– এরা আলাদা। কিন্তু অনেক বিদেশি খেলোয়াড় আছে, যাদের হারলেও কোনো দুঃখ নেই, বরং জানতে চায়—পার্টি কোথায়?'

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR